গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাগঞ্জ, রংপুর
www.taraganj.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫৯২.০০০.০৭.০০৮.২৫.

তারিখ: ১০/০৩/২০২৬ খ্রি.

## জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা তারাগঞ্জ উপজেলার ২০ (কুড়ি) একরের নিম্নের আয়তন বিশিষ্ট অনলাইন সিস্টেমে অ- ইজারাকৃত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে ১৪৩৩-৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতি সমূহের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রম নং | জলমহালের নাম | উপজেলার নাম | মৌজার নাম | আয়তন (একর) | সরকারি ইজারা মূল্য | ম্যানুয়ালি আবেদনের তারিখ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদনের প্রিন্ট কপি ও জামানতের মূলকপি দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | মহিষখোচা বিল | তারাগঞ্জ | রহিমাপুর | ২.৪০ | ২০,৬৫০/- | বাংলা<br>২৭ ফাল্গুন, ১৪৩২ হতে ১৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত<br><br>ইংরেজী<br>১২ মার্চ, ২০২৬ হতে ২৯ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ | বাংলা<br>১৬ চৈত্র, ১৪৩২ হতে ১৮ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ।<br><br>ইংরেজী<br>৩০ মার্চ, ২০২৬ হতে ০১ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ। |
| ০২ | সয়ারের কুড়া (ছোট) | তারাগঞ্জ | কাজীপাড়া | ১.৩৫ | ৬,৯৫৬/- | | |
| ০৩ | কাতলামারী বিল | তারাগঞ্জ | কাচনা | ২.৮০ | ১৩,৭০২/- | | |
| ০৪ | আদাহিন্নার বিল | তারাগঞ্জ | কিসমত মেনানগর | ১.১০ | ২৭,১৪৩/- | | |
| ০৫ | বারদেশী পুকুর | তারাগঞ্জ | দোহাজারী | ১.০০ | ৪,৯৬১/- | | |
| ০৬ | পুটিমারী বিল (বড়) | তারাগঞ্জ | বিষ্ণুপুর | ৭.৪৯ | ৭৯,৩১০/- | | |
| ০৭ | কঞ্চনার বিল | তারাগঞ্জ | দামোদরপুর | ৩.০০ | ৪,২৮৮/- | | |
| ০৮ | তামাকমারী বিল | তারাগঞ্জ | কাচনা | ০.৫৫ | ২,৭২৯/- | | |
| ০৯ | সিংগীমারী বিল | তারাগঞ্জ | খোর্দ্দ বেলাইচন্ডি | ৩.৪৪ | ৬২,৮০৮/- | | |
| ১০ | নীলপুকুর বিল | তারাগঞ্জ | খোর্দ্দ বেলাইচন্ডি | ৩.১৬ | ২৪,২৫৫/- | | |
| ১১ | বাইশপুকুর- ১ | তারাগঞ্জ | ভীমপুর | ১.১৯ | ১৬,২২৩/- | | |
| ১২ | বাইশপুকুর- ২ | তারাগঞ্জ | মধুরামপুর | ০.৬৬ | ৪,৮৩০/- | | |
| ১৩ | শুকানদীঘি বিল | তারাগঞ্জ | লক্ষিপুর | ১.২০ | ৬,৩৬৭/- | | |
| ১৪ | ডাংগীর বিল | তারাগঞ্জ | বিষ্ণুপুর | ১.২৩ | ১৭,৭৬৩/- | | |

### শর্তাবলী:

১. প্রকৃত মৎস্যজীবী সমিতি/ মৎস্যজীবী সংগঠন ১২/০৩/২০২৫ হতে ২৯/০৩/২০২৬ খ্রি. (২৭ ফাল্গুন, ১৪৩২ হতে ১৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ) এর মধ্যে ম্যানুয়ালি আবেদন করতে পারবেন।

২. দাখিলকৃত আবেদনের কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তারাগঞ্জ, রংপুর- এ নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ৩০ মার্চ, ২০২৬ হতে ০১ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ (১৬ চৈত্র, ১৪৩২ হতে ১৮ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ) তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারামূল্যের সাথে উক্ত জামানতকৃত টাকা সমন্বয় করা হবে।

CamScanner

০৩. আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) এ-চালানের মাধ্যমে ১৪১৫২০২-জলমহাল ও পুকুর ইজারা কোডে জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৪. নির্বাচিত মৎস্যজীবী সমবায় সমিতিকে নির্ধারিত সময়ের মধ্যে ১ম বছরের ইজারামূল্যসহ মোট ইজারা মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট একযোগে এ-চালানের মাধ্যমে (১৪১৫২০২-জলমহাল ও পুকুর ইজারা) জমা প্রদানপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরসমূহের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৫. ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬. মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৭. কোন কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩৩ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র, ১৪৩৫ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

০৮. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে উপজেলার অন্য কোন মৎস্যজীবী সমিতি/সংগঠনসহ অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০৯. ২০ একর পর্যন্ত পুকুর ইজারা প্রদানের জন্য কোনো মৎস্যজীবী সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

(ক) বেকার যুবক;
(খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান;
(গ) যুব মহিলা;
(ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা;
(ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য;
(চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি।

১০. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১১. আবেদনের সাথে সংগঠন বা সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী, বিগত দুই বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের নামের তালিকা ও সমিতির সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের এফ.আই.ডি কার্ডের সত্যায়িত কপি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু পরিকল্পনা/ রূপরেখা ইত্যাদি কাগজপত্র সংযোজন করতে হবে।

CamScanner

১২. কোন মৎস্যজীবী সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।

১৩. জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে যদি খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতি পাবে না।

১৪. ইজারাকৃত জলমহালগুলি কোনক্রমেই সাবলীজ দেয়া যাবে না, যদি সাবলীজ দেয়া হয়, তাহলে উক্ত জলমহালের ইজারা উপজেলা নির্বাহী অফিসার বাতিল করবেন এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ৩ (তিন) বছর কোন জলমহালের ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৫. নির্ধারিত সময়ে লিজমানি পরিশোধ না করলে, তথ্য গোপন করলে কিংবা অন্য কোন অনিয়মের কারণে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি লিজ বাতিল করে পুনরায় লিজ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

১৬. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১৭. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৮. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন প্রয়োজনে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন সম্পর্কে যে কোন সময়ে উপর্যুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ মোনাববর হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
তারাগঞ্জ, রংপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।
www.taraganj.rangpur.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৫৫.৮৫৯২.০০০.০৭.০০৮.২৫. ৬৮৮(১৫)

তারিখ : ১০/০৩/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. জেলা প্রশাসক, রংপুর।
২. পুলিশ সুপার, রংপুর।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
৪. সহকারী কমিশনার (ভূমি), তারাগঞ্জ, রংপুর।
৫. অফিসার ইনচার্জ, তারাগঞ্জ থানা, রংপুর।
৬. উপজেলা ................................................ কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর।
৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, তারাগঞ্জ শাখা, রংপুর।
৮. চেয়ারম্যান (সকল) ইউপি, তারাগঞ্জ, রংপুর।
৯. অফিস নথি।

মোঃ মোনাব্বর হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
তারাগঞ্জ, রংপুর।

CamScanner